

# প্রাপ্তবয়স্কদের জন্য নতুন হেলথ কভারেজ

1 জানুয়ারী, 2019 থেকে শুরু করে, ভার্জিনিয়ায় বসবাসকারী আরও বেশী প্রাপ্তবয়স্করা গুণমানসম্পন্ন, কম খরচে এবং বিনা খরচে স্বাস্থ্য বীমার সুযোগ পাবেন!

## প্রাপ্তবয়স্কদের জন্য নতুন হেলথ কভারেজ কি?

মেডিকেডের নিয়মগুলি পরিবর্তিত হয়েছে। এর মানে হল যে আপনি যদি মেডিকেডের জন্য অতীতে আবেদন করে থাকেন এবং প্রত্যাখ্যাত হয়ে থাকেন, তাহলে আপনি এখন যোগ্য হতে পারেন। 1 নভেম্বর, 2018 থেকে শুরু করে, আরও বেশী মানুষ মেডিকেডের মাধ্যমে স্বাস্থ্য বীমার ক্ষেত্রে যোগ্যতা অর্জনের জন্য আবেদন করতে পারেন। 1 জানুয়ারী, 2019 থেকে সুবিধাগুলি পাওয়া যাবে।

খুচরো বিক্রয়, নির্মাণ, শিশু পরিচর্যা, ল্যান্ডস্কেপিং, খাদ্য পরিষেবা এবং অন্যান্য বিভিন্ন ক্ষেত্রে কাজ করা মানুষ, যাদের স্বাস্থ্য বীমা প্রদান করা হয় না, তারা এখন যোগ্য হতে পারেন।

প্রাপ্তবয়স্কদের জন্য নতুন হেলথ কভারেজ কম আয়ের পরিবারগুলির জন্য দুর্দান্ত সুবিধা প্রদান করে যারা অন্যথায় স্বাস্থ্যসেবা পেতে সক্ষম হন না।

## এর মধ্যে কি কি অন্তর্ভুক্ত আছে?

প্রাপ্তবয়স্কদের জন্য নতুন স্বাস্থ্য বীমা অন্তর্ভুক্ত করে:

- ডাক্তার, হাসপাতাল এবং জরুরীকালীন পরিষেবাসমূহ
- প্রেসক্রিপশন অনুযায়ী ওষুধ
- ল্যাবরেটরি এবং এক্স-রে পরিষেবাসমূহ
- প্রসূতি এবং নবজাতকের পরিচর্যা
- দীর্ঘমেয়াদী পরিচর্যা এবং সহায়তা পরিষেবাসমূহ
- বাড়িতে স্বাস্থ্য পরিষেবাসমূহ
- নেশা এবং নেশামুক্তি সম্পর্কিত চিকিৎসা পরিষেবা সহ আচরণগত স্বাস্থ্য পরিষেবাসমূহ
- শারীরিক, পেশাগত, এবং বাকশক্তি সম্পর্কিত থেরাপি সহ পুনর্বাসন পরিষেবাসমূহ
- কোনো বিকল্প উপলব্ধ না থাকাকালীন মেডিকেড-অন্তর্ভুক্ত পরিষেবাগুলির ক্ষেত্রে পরিবহন
- পরিবার পরিকল্পনা পরিষেবাসমূহ
- চিকিৎসা সরঞ্জাম এবং সরবরাহ
- প্রতিরোধমূলক এবং সুস্থতা সম্পর্কিত পরিষেবা এবং দীর্ঘস্থায়ী রোগ নিয়ন্ত্রণ সম্পর্কিত পরিষেবাসমূহ
- এবং আরো আছে!

## কারা অন্তর্ভুক্ত হবেন?

নতুন হেলথ কভারেজের জন্য যোগ্য হতে পারে সেই সব প্রাপ্তবয়স্করা যারা:

- ভার্জিনিয়ায় বসবাস করেন
- 19 - 64 বছর বয়সী
- মেডিকেয়ার পাচ্ছেন না অথবা তার যোগ্য নন
- পরিবারের সদস্য সংখ্যা অনুযায়ী পরিবর্তিত হওয়া আয় সম্পর্কিত প্রয়োজনীয়তা পূরণ করেন

## প্রাপ্তবয়স্কদের কভারেজের ক্ষেত্রে আয়ের সীমা (মোট\*)

পরিবারের সদস্য সংখ্যা	মাসিক	বাৎসরিক
1	\$1,677	\$20,121
2	\$2,268	\$27,214
3	\$2,859	\$34,307
4	\$3,450	\$41,400
5	\$4,042	\$48,494
6	\$4,633	\$55,587

\*20 জানুয়ারি, 2023 থেকে কার্যকর।  
আয়ের সীমা প্রতি বছর সমন্বিত করা হয়

## আমি কিভাবে অ্যাপ্লাই করব?

- কভার ভার্জিনিয়া কল সেন্টারে 833-5CALLVA নম্বরে কল করুন। দোভাষী পাওয়া যায়।  
আমাদের প্রতিনিধিরা আপনাকে এমন একজনের সাথে সংযুক্ত করে দেবেন, যিনি আপনার পছন্দের ভাষায় কথা বলেন।
- কমন হেল্প (Common Help) -এ একটি অনলাইন অ্যাপ্লাই সম্পূর্ণ করুন: [www.commonhelp.virginia.gov](http://www.commonhelp.virginia.gov)
- দ্য হেলথ ইনস্যুরেন্স মার্কেটপ্লেস (The Health Insurance Marketplace) -এ একটি অনলাইন অ্যাপ্লাই সম্পূর্ণ করুন: [www.healthcare.gov](http://www.healthcare.gov)
- আপনার স্থানীয় সমাজসেবা বিভাগে একটি কাগজে লেখা অ্যাপ্লিকেশন মেইল করুন বা ড্রপ করুন

আপনি যখন অ্যাপ্লাই করবেন তখন আপনার প্রয়োজনীয় নথিগুলির একটি তালিকার জন্য, [www.coverva.org](http://www.coverva.org) যান এবং অ্যাপ্লাই পেজে ক্লিক করুন।

